



EMBASSY OF
THE PEOPLE'S REPUBLIC OF
BANGLADESH
ANDERSTORPSVAGEN 12 (1 TR.)
SE-171 54 SOLNA, SWEDEN
TEL: +46 8 730 58 50 -52
FAX: +46 8 730 58 70

০২ মার্চ ২০১৮

প্রিয় সুধী,

আগামী ১৭ মার্চ ২০১৮, শনিবার, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস-২০১৮। এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের অংশ হিসেবে অত্র দূতাবাসে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর একটি আলোচনা সভা এবং শিশুদের অংশগ্রহণে নিম্নবর্ণিত অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছেঃ

স্থানঃ বাংলাদেশ দূতাবাস প্রাঙ্গণ, Anderstorpsvägen 12 (1 tr), 17154 Solna

তারিখঃ ১৭ মার্চ ২০১৮, রোজ শনিবার, সময়ঃ ১৭ঃ৩০ ঘটিকা

সময়ঃ	১৭ঃ৩০	:	আলোচনা সভা
	১৭ঃ০০-১৮ঃ০০ ঘটিকা	:	চিত্রাঙ্কন প্রতিযোগিতা (শিশুদের জন্য)
	১৮ঃ৩০-১৯ঃ৩০ ঘটিকা	:	আবৃত্তি প্রতিযোগিতা (শিশুদের জন্য)
	১৯ঃ৩০-১৯ঃ৪৫ ঘটিকা	:	পুরস্কার বিতরণ
	১৯ঃ৪৫-২০ঃ৩০ ঘটিকা	:	আপ্যায়ন

(০১) শিশুদের (বয়সঃ ১২-১৮ বৎসর) রচনা প্রতিযোগিতাঃ বিষয়ঃ “বঙ্গবন্ধু ও বাংলাদেশ”। ভাষাঃ বাংলা অথবা ইংরেজী, শব্দ সংখ্যাঃ ৩০০-৪০০। রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু প্রবাসী বাংলাদেশীবৃন্দের সন্তানদেরকে দূতাবাস-এ ডাকযোগে অথবা ইমেইল যোগে (doot@bangladeshembassy.se) অথবা সরাসরি আগামী ১৪ মার্চ ২০১৮ এর মধ্যে রচনাসমূহ প্রেরণের অনুরোধ করা যাচ্ছে।

(০২) চিত্রাঙ্কন প্রতিযোগিতাঃ ১৭ মার্চ ২০১৮, বিকাল ১৭ঃ০০-১৮ঃ০০ ঘটিকা। (দূতাবাস আর্ট পেপার এবং রং পেন্সিল সরবরাহ করবে)। গ্রুপ কঃ বয়স ৪-১১ বৎসর, বিষয়ঃ ‘বাংলাদেশ’ এবং গ্রুপ খঃ ১১+ -১৮ বৎসর, বিষয়ঃ ‘বঙ্গবন্ধু ও বাংলাদেশ’।


(০৩) কবিতা আবৃত্তি প্রতিযোগিতাঃ ১৭ মার্চ ২০১৮, শনিবার, বিকাল ১৮ঃ৩০ ঘটিকা। গ্রুপ কঃ বয়স ৪-১১ বৎসর এবং গ্রুপ খঃ ১১+ -১৮ বৎসর।

উক্ত অনুষ্ঠানে শিশুসহ উপস্থিত হওয়ার জন্য সকল প্রবাসী বাংলাদেশীদেরকে স্বপরিবার ও স্ববান্ধব সাদর আমন্ত্রণ জানানো হচ্ছে। শিশুদেরকে বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণে উৎসাহ প্রদানের জন্য স্ব স্ব অভিভাবকদের বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

RSVP: ফোনঃ ০৮-৭৩০ ৫৮৫০/ ই-মেইলঃ baniija@bangladeshembassy.se

বিঃ দ্রঃ অনুষ্ঠানের এই আমন্ত্রণ ও কার্যক্রম দূতাবাসের ওয়েবসাইট ও ফেসবুকে প্রকাশিত হলো এবং ইমেইলে (যাদের ইমেইল ঠিকানা দূতাবাসে আছে) প্রেরণ করা হলো।

আপনার একান্ত,


(শেখ মোঃ শাহরিয়ার মোশাররফ)
কাউন্সেলর ও চ্যান্সারী প্রধান